৪৯. বাংলাদেশের পারিবারিক আদালতের আওতায় পড়ে না-
ক. বিবাহ বিচ্ছেদ খ. নারী ও শিশু পাচার
গ. শিশুর অভিভাবকত্ব ঘ. দেন মোহর

ব্যাখ্যাঃ সাম্প্রতিক গুরুত্বপূর্ণ কিছু আইন-
- নিরাপদ খাদ্য আইন - ২০১৩.
- আদালত অবমাননা আইন - ২০১৩.
- মূল্য সংযোজন কর - ২০১২.
- কর ন্যায়পাল (রহিত করণ) আইন - ২০১১
- পরিবেশ আদালত আইন - ২০১০
- মানবাধিকার কমিশন আইন - ২০০৯
- ভোক্তা অধিকার সংরক্ষণ আইন - ২০০৯
- তথ্য অধিকার আইন - ২০০৯
- অর্পিত সম্পত্তি প্রত্যার্পন আইন - ২০০১
- সমুদ্র সীমা নির্ধারণ সংক্রান্ত আইন - ১৯৭৪
- বিশেষ ক্ষমতা আইন - ১৯৭৪
- বাংলা ভাষার প্রচলন অ্যাক্ট - ১৯৮১
- পারিবারিক আদালত অর্ডিন্যান্স - ১৯৮৫
- প্রাথমিক শিক্ষা (বাধ্যতামূলক) আইন - ১৯৯০
- বাড়ি ভাড়া নিয়ন্ত্রণ আইন - ১৯৯১
- মূল্য সংযোজন আইন - ১৯৯১
- বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন - ১৯৯৫
- নারী ও শিশু নির্যাতন দমন আইন - ২০০০
- ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রন আইন-২০০৫

সঠিক উত্তর : খ.

৫০. ইতিহাসখ্যাত 'মসলিন'-এর একটি ছোট টুকরো সংরক্ষিত আছে-
ক. মুক্তিযুদ্ধ যাদুঘরে খ. বরেন্দ্র জাদুঘরে
গ. লালবাগ দুর্গে ঘ. জাতীয় জাদুঘরে

ব্যাখ্যাঃ • ইতিহাস বিখ্যাত "মসলিন" কাপড়ের এক টুকরো এখন ও জাতীয় জাদুঘরে সংরক্ষিত আছে।
- জাতীয় জাদুঘর অবস্থিত - শাহবাগ, ঢাকা।
- প্রতিষ্ঠা - ২০ মার্চ ১৯১৩ ।
- পূর্বনাম ঃ ঢাকা জাদুঘর (নাম পরিবর্তন - জাতীয় জাদুঘর ২০ সেপ্টেম্বর ১৯৮৩)
- স্থপতি - মোস্তফা কামাল
- জাতীয় জাদুঘর ভিত্তিক ত্রৈমাসিক পত্রিকা - জাদুঘর সমাচার।

সঠিক উত্তর : ঘ.

## ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০০৬-২০০৭

### বাংলা

০১. 'তাহারেই পড়ে মনে' কবিতাটির স্তবকসংখ্যা-
ক. চার খ. পাঁচ
গ. ছয় ঘ. সাত

ব্যাখ্যাঃ 'তাহারেই পড়ে মনে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- কবিতাটি সংলাপ নির্ভর।
- ঋতুর নাম আছে - বসন্ত, মাসের নাম - মাঘ, ফাল্গুন।
- লাইন - ৩০টি; স্তবক - ৫টি
- কবিতায় কবির ব্যক্তিজীবনের দুঃখময় ঘটনার ছায়াপাত ঘটেছে।
- মাধবী শব্দের অর্থ বাসন্তী লতা বা ফুল।
- কুহেলি শব্দের অর্থ - কুয়াশা।

সঠিক উত্তর : খ.

০২. 'অমেয়' অর্থ-
ক. অমৃত খ. মলিন
গ. অনেক ঘ. অপরিমেয়

ব্যাখ্যাঃ অমেয় = অপরিমেয়, বৃহৎ
সঠিক উত্তর : ঘ.

০৩. 'মিত্তির' শব্দ সৃষ্টির কারণ
ক. স্বরভক্তি খ. স্বরসংগতি গ. অপিনিহিতি ঘ. অভিশ্রুতি

ব্যাখ্যাঃ সংযুক্ত ব্যঞ্জন ধ্বনির মাঝখানে স্বরধ্বনি আসলে স্বরভক্তি হয়। যেমন - ক্লেশ > কিলেশ; রত্ন > রতন, অনুরূপভাবে - মিত্র > মিত্তির
বিস্তারিত : ঢাবি (২০০৮ - ২০০৯) এর (০৬) নং দেখ।
সঠিক উত্তর : ক.

০৪ 'কাব্যের ঝুমঝুমি' প্রসঙ্গ কোন রচনার অন্তর্গত?
ক. অর্ধাঙ্গী খ. ভাষার কথা গ. সাহিত্যে খেলা ঘ. একুশের গল্প

ব্যাখ্যাঃ বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

০৫. 'I can not count on you'-এর সঠিক বঙ্গানুবাদ
ক. আমি তোমাকে মানতে পারছি না
খ. তুমি আমার গণনার মধ্যে নও
গ. আমি তোমার ওপর ভরসা করতে পারি না
ঘ. আমি তোমাকে গণ্য করি না

ব্যাখ্যাঃ
I can not count on you - আমি তোমার উপর ভরসা করতে পারি না।
Every shoe fits not every foot - অভ্যাসের ফোঁটা কপাল চড় চড় করে।
A host in himself - একাই একশো
Blue are the hills that are far from us - দূরের জিনিস ভালো মান হয়।
Money begets money - টাকায় টাকা হয়।
সঠিক উত্তর : গ.

০৬. 'প্রলয়' শব্দের 'প্র' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়?
ক. বিপরীত খ. গতি গ. আধিক্য ঘ. প্রকৃষ্ট

ব্যাখ্যাঃ প্র - প্রকৃষ্ট - প্রভাব, প্রচলন
উৎকর্ষ - প্রকৃষ্ট, প্রজ্ঞা, প্রবাদ
আধিক্য - প্রবল, প্রকোপ, প্রলয়, প্রবল
সম্মুখ - প্রগতি, প্রণাম
সঠিক উত্তর : গ.

০৭. যে লেখক অন্যের ভাব, ভাষা প্রভৃতি চুরি করে নিজের নামে চালায় তাকে বলা হয়-
ক. লিপিকর খ. কুসীদজীবী গ. নকলবাজ ঘ. কুম্ভীলক

ব্যাখ্যাঃ যে লেখক অন্যের ভাব, ভাষা, প্রভৃতি চুরি করে নিজের নামে চালায় - কুম্ভীলক।
যা সাধারণের মধ্যে দেখা যা না - অনন্যসাধারণ
লবণ কম দেওয়া হয়েছে এমন - আলুনি
সমুদ্রের ঢেউ - উর্মি
এক দরজা থেকে অন্য দরজায় ভিক্ষা করে যে - মাধুকর।
সঠিক উত্তর : ঘ.

০৮. 'বাবা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. তুর্কি খ. আরবি গ. উর্দু ঘ. ফারসি

ব্যাখ্যাঃ তুর্কি শব্দ - গুরুত্বপূর্ণ তুর্কি শব্দ দেখ ঢাবি (২০১৩-২০১৪) এর (২২) নং দেখ।
সঠিক উত্তর : ক.

০৯. শামসুর রাহমানের 'একটি ফটোগ্রাফ' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
ক. প্রথম গান, দ্বিতীয় মৃত্যুর আগে
খ. বিধ্বস্ত নীলিমা
গ. এক ফোঁটা কেমন অনল
ঘ. দুঃসময়ের মখোমুখি

ব্যাখ্যাঃ বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

১০. 'এতটুকু তারে ঘরে এনেছিনু সোনার মতন মুখ।' - এ চরণের 'টুকু' অংশটির ব্যাকরণিক নাম-
ক. প্রত্যয় খ. অনুসর্গ
গ. উপসর্গ ঘ. পদাশ্রিত নির্দেশক

ব্যাখ্যাঃ বিশেষ্য ও সর্বনাম পদকে নির্দিষ্ট করতে পদাশ্রিত নির্দেশক ব্যবহার হয়। বিস্তারিত : ঢাবি (২০১৪-২০১৫) এর (২৩) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১১. মৃত্যুঞ্জয়ের আমবাগানের আয়তন-
ক. দশ - পনের বিঘা
খ. কুড়ি- পঁচিশ বিঘা
গ. পঁচিশ তিরিশ বিঘা
ঘ. তিরিশ চল্লিশ বিঘা

ব্যাখ্যা: • "কুড়ি-পঁচিশ ঘির বাগান।"
• "আমের দিনে ওই আম বাগানটা জমা দিয়াই তাহার সারা বৎসরের খাওয়া-পরা চলিত।"
সঠিক উত্তর : খ.

১২. 'রাশি রাশি ভারা ভারা' -শব্দের এরূপ ব্যবহারকে বলে
ক. পুনরুক্তি
খ. অলংকার
গ. ক্রিয়া বিশেষণ
ঘ. নির্ধারক বিশেষণ

ব্যাখ্যা: দ্বিরুক্ত শব্দ ব্যবহার করে যখন একের বেশি কোন কিছুকে বোঝানো হয়, তখন তাকে নির্ধারক বিশেষণ বলে।
যেমন - রাশি রাশি ভারা ভারা ধান।
- এত ছোট ছোট উত্তর লিখলে হবে না।
সঠিক উত্তর : ঘ.

১৩. 'জান্তা' শব্দটি ব্যবহৃত হয়েছে কোন রচনায়?
ক. সৌদামিনী মালো
খ. হৈমন্তী
গ. অর্ধাঙ্গী
ঘ. সাহিত্যে খেলা

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

১৪. 'দ্রাঘিমা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয়
ক. দৈর্ঘ্য+ইমন
খ. দীর্ঘ+ইমন
গ. দৈর্ঘ্য+মা
ঘ. দীর্ঘ+মা

ব্যাখ্যা: একই রকম কিছু তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ-
দীর্ঘ + ইমন = দ্রাঘিমা; নীল + ইমন = নীলিমা; মহৎ + ইমন = মহিমা
সঠিক উত্তর : খ.

১৫. বহুব্রীহি সমাসদ্বারা নিষ্পন্ন শব্দ-
ক. রাজেন্দ্র
খ. গায়েপড়া
গ. পকেটমার
ঘ. হৃতসর্বস্ব

ব্যাখ্যা: হৃত (লুট) হয়েছে সর্বস্ব যার - হৃতসর্বস্ব- সমানাধিকরণ বহুব্রীহি সমাস
বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর (০১) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

১৬. 'সূর্য' -এর সমার্থক শব্দ
ক. বিবস্বান
খ. মরুৎ
গ. উরগ
ঘ. ক্ষিতি

ব্যাখ্যা: সূর্য - সবিতা, ভাস্কর, দিননাথ, কিরণমালী, আদিত্য, মার্তন্ড, অরুণ, মিহির, দিনপাতি, বালার্ক, বিবস্বান, হরিদশ্ব, অংশুমালী।
সঠিক উত্তর : ক.

১৭. কবি 'যৌবনের মাতৃরূপের'র যেসব দৃষ্টান্ত দিয়েছেন, তার মধ্যে কোনটির উল্লেখ নেই?
ক. আহতকে হাসপাতালে নিয়ে যাওয়া
খ. হতাশার বুকে আশা জাগানো
গ. দুর্দশাগ্রস্তদের জন্য ভিক্ষা করা
ঘ. রাত জেগে রোগীর সেবা করা

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

১৮. 'কাব্যজগতে যার নাম আনন্দ, তারই নাম বেদনা।' এটির সরল বাক্যে রূপান্তর করলে হয়-
ক. কাব্যজগতে আনন্দের নামই বেদনা
খ. কাব্যজগতে আনন্দ-বেদনার নাম একই
গ. কাব্যজগতে আনন্দ ও বেদনার নাম একই
ঘ. কাব্যজগতে আনন্দের অপর নাম বেদনা

ব্যাখ্যা: সরল বাক্য থেকে মিশ্র বাক্য রূপান্তর -
- সরল বাক্য - ভিক্ষুককে দান কর।
মিশ্র বাক্য - যে ভিক্ষা চায়, তাকে দান কর।
- মিশ্র বাক্য - যাদের বুদ্ধি নেই, তারাই এ কথা বিশ্বাস করে।
সরল বাক্য - বুদ্ধিহীনরাই এ কথা বিশ্বাস করে।
- সরল বাক্য - তিনি আমাকে পাঁচ টাকা দিয়ে বাড়ি যেতে বললেন।
যৌগিক বাক্য - তিনি আমাকে পাঁচটি টাকা দিলেন এবং বাড়ি যেতে বললেন।
- যৌগিক বাক্য - তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি হয়নি।
সরল বাক্য - তার বয়স হলেও বুদ্ধি হয় নি।
- যৌগিক বাক্য - দোষ স্বীকার কর, তোমাকে কোনো শাস্তি দিব না
মিশ্র বাক্য - যদি দোষ স্বীকার কর, তাহলে তোমাকে কোন শাস্তি দিব না।
- মিশ্র বাক্য - যখন বিপদ আসে, তখন দুঃখ ও আসে।
যৌগিক বাক্য - বিপদ এবং দুঃখ এক সময়ে আসে।
অনুরূপভাবে-
জটিল বাক্য - কাব্যজগতে যার নাম আনন্দ, তারই নাম বেদনা।
সরল বাক্য - কাব্যজগতে আনন্দের নামই বেদনা।
সঠিক উত্তর : ক.

১৯. 'জীবন-বন্দনা' কবিতায় কবি প্রথমে কার বন্দনা করেছেন?
ক. অভিযাত্রীর
খ. বিপ্লবীর
গ. বিজ্ঞানীর
ঘ. কৃষকের

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ঘ.

২০. 'জ্যৈষ্ঠ ভ্রাতার প্রহারে দিগ্বিদিগ জ্ঞানশূন্য হইয়া সে উর্ধশ্বাসে ছুটতে লাগল।' সাধুরীতির বাক্যটিতে ভুলের সংখ্যা-
ক. তিন
খ. চার
গ. পাঁচ
ঘ. ছয়

ব্যাখ্যা: শুদ্ধরূপ - জ্যৈষ্ঠ, দিগ্বিদিক, জ্ঞানশূন্য, উর্ধ্বশ্বাসে, ছুটিতে, লাগল।
সঠিক উত্তর : ঘ.

২১. 'উলুখাগড়া' বাগধারার অর্থ-
ক. খড়কুটো
খ. দুর্বল ও ব্যক্তিত্বহীন
গ. তুচ্ছ ব্যক্তি
ঘ. আপদ

ব্যাখ্যা: উলুখাগড়া - সাধারণ বা তুচ্ছ ব্যক্তি
হাড়হদ্দ - সবকিছু
হাতভারি - ব্যয়কুণ্ঠ
গোঁ-ধরা - সহকারিতা করা।
পগার পার - পালানো
সঠিক উত্তর : গ

২২. 'Postage' শব্দের বাংলা পরিভাষা
ক. ডাক-সংক্রান্ত
খ. ডাকমাশুল
গ. ডাকছাপ
ঘ. ডাকটিকিট

ব্যাখ্যা:
Fugative - পলাতক
Flora - উদ্ভিদকুল
Fauna - প্রাণিকুল
General amnesty - সাধারণ ক্ষমা
Gratuity - আনুতোষিক
Great Bear - সপ্তর্ষিমন্ডল
Hand-out - জ্ঞাপনপত্র
Harbour - পোতাশ্রয়
Incidental - আনুষঙ্গিক
Postage - ডাকমাশুল
সঠিক উত্তর : খ.

২৩. নিচের কোনটি সমধ্বনির দৃষ্টান্ত নয়?
ক. চির-চীর
খ. কাদা-কাঁদা
গ. আপন-আপণ
ঘ. বিশ-বিষ

সঠিক উত্তর : খ.

২৪. কোন রচনায় খরগোশের গল্পের উল্লেখ আছে?
ক. বিলাসী
খ. সৌদামিনী মালো
গ. একটি তুলসী গাছের কাহিনী
ঘ. একুশের গল্প

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

২৫. 'তাম্রশাসন' বোঝায়-
ক. কালো আইন
খ. তামার পাতে লেখা আদেশ
গ. জবরদস্তিমূলক শাসন
ঘ. আইনের অনুশাসন

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## English

***Read the passage and answer the Q. (01-04):***

Throughout human history nearly all people were close to the soil. Therefore their lives were profoundly affected by the alternation of winter and summer, by the coming and going of the full moon, and by the pattern of rain and drought and the annual harvest. Steadily the ever expanding city replaced the countryside as hume of most of the world's people and the big cities now have dwarfed the biggest city of several hundred years earlier. In 1995 at least 25 cities each held more than seven million inhabitants

**01. In the passage the word 'dwarfed' means.**

A. were smaller than B. made look smaller
C. are comparable to D. ate not as big as

ব্যাখ্যা: Dwarf - noun - ক্ষুদ্রাকৃতির মানব বামন
Dwarf - verb - ক্ষুদ্রাকৃতির কিছু তৈরী করা
Dwarf - adj - ক্ষুদ্রাকৃতি
**Synonym :** Noun - Goblin, liliputíon, Gnomo, Midget
Verb - Diminish, Dominate Lower, Tower Over, Overshadow.
Adjective - Tiny, Small, Petite, Miniature
Passage এ Dwarf শব্দটি Verb হিসেবে ব্যবহৃত হয়েছে।
**Ans : B.**

**02. 'Steadily the ever expanding city replaced the countryside as the home of most of the world's people' means-**

A. gradually the cities destroyed the villages
B. gradually the cities took up all the space occupied by villages
C. gradually more people started living in cities than in villages
D. people loved city life.

ব্যাখ্যা: ক্রমবর্ধমান প্রসারিত শহর বিশ্বের বেশিরভাগ লোকের বসবাসযোগ্য গ্রামাঞ্চল (Countryside) দখল করে নিচ্ছে। অর্থাৎ
Gradually the cities took up all the space occupid by villages.
**Ans : B.**

**03. The world 'drought' is closest in meaning to**

A. flood B. occasional rain
C. rainless period D. storm

ব্যাখ্যা: Drought - খরা, খরার ফলে সৃষ্ট দুর্ভিক্ষ।
**Synonym :** Rainless Period, Aridity, Dehydration, Desiccation, Need, Want, Dryness, Parchodness
**Ans : C.**

**04. According to the passage the lives of the people were-**

A. greatly influenced by nature
B. little influenced by nature
C. somewhat influenced by nature
D. were not influenced by nature

ব্যাখ্যা: Passage এ বলা হয়েছে-
Their lives were profoundly affected by alteration of winter and summer.
এখানে Profoundly affected by alteration of winter and Summer বলতে greatly influenced by nature বুঝায়।
**Ans : A.**

**05. He hates___the phone and very often lets is___**

A. attending, off B. answering, ring
C. ringing. off D. holding, ring

ব্যাখ্যা: কোন Sentence এ দুটি verb থাকলে দ্বিতীয় verb এর সাথে ing যোগ হয় কিন্তু উদ্দেশ্য বুঝাতে verb এর পূর্বে to হয়। প্রথম শূন্যস্থান দ্বারা কোন উদ্দেশ্য বুঝাচ্ছে না। তাই answering হবে। দ্বিতীয় শূন্যস্থানে Object (it) এর পূর্বে Let দেয়া আছে। Causitive Let এর পরে verb এর base form হয়। নিচে Causative verb গুলোর ব্যাখ্যা দেয়া হল-
**Make :-** ·Make এর পরে person or thing যাই থাকুক না কেন Verb এর simple base form বসাতে হবে।
·Infinitive বা ing যুক্ত কোন verb use করা যাবে না।
Exam :- She made the baby take a nap.
George had made his son be quiet in the theater.
**Get :-** Get+person + (verb+to infinitive)
Get + thing+ (verb এর past participle form)
Exam :- Marry got her dog to bring her the newspaper.
I want to get the house painted before winter.
**Have :-** Have+person+ (verb এর base form)
Have+thing+(verb এর past participle form)
Exam :- Mary has had a friend type all of her papers.
We are going to have our car mended
Dr. Karim had his nurse take the operation.
**Let :-** Let+thing+(verb এর base form)
Let+person+ (verb এর base form)
Exam :- I will not let this machine work.
We are going to let her write the letter.
**Help :-** Help এর verb এর simple form অথবা infinitive form দুটিই বসতে পারে। Person অথবা Thing এ কোন পরিবর্তন হবে না।
Exam :- Karim helped Rahim wash the car
Karim helped Rahim to wash the car
**Ans : B.**

**06. 'sprightly dance' in Wordsworth's poem on the Daffodils refers to-**

A. lively dance B. new dance
C. jocular dance D. shaky dance

ব্যাখ্যা: Sprighly - Adj - প্রাণঞ্চল, প্রাণন্ত, চটপটে
Sprighly dance - প্রাণবন্ত নৃত্য
**Synonym -** Iively, Agile, Energetic, Cheerful, Jaunty, Nimble, Brisk.
**Antonym -** Lifeless doddering, Inactve.
**Ans : A.**

**07. Which characteristic quality did M.K. Rowling find in Jerry?**

A. honesty B. bravery C. integrity D. sincerity

ব্যাখ্যা: writer Jerry সম্পর্কে বলেছেন, "I could picture him at four, with the same grave gray-blue eyes and the same-independence? No, the word that comes to me is integrity" উক্তিটি দ্বারা লেখিকা বুঝাতে চেয়েছে লেখিকা Jerry এর মধ্যে যে গুণটি প্রকটভাবে লক্ষ্য করেছেন সেটি হলো Integrity.
Integrity - Noun - চারিত্রিক সরলতা ও সততা
**Synonym :** Goodness, Honesty, Probity, Uprigutness.
**Antonym :** dishonesty, Incompleteness
**Ans : C.**

**08. I found it difficult to convince the ticket inspector that I-my ticket.**

A. had lost B. well lose
C. have been lost D. have lost

ব্যাখ্যা: Sequence of tense এর নিয়ম অনুযায়ী সংঘটিত দুটি কাজের মধ্যে যে কাজটি আগে ঘটেছিল সেটি Past perfect tense হয়। বলা হয়েছে - Inspector কে বোঝানো কঠিন হলো যে, আমি টিকেট হারিয়ে ফেলেছি এখানে টিকেট হারানোর কাজটি আগে সংঘটিত হয়েছে।
**Ans : A.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

09. Ever since I ___ to move to Dhaka, I ___ whether the decision I took was the right one
A. decided, had been worrying
B. have decided, shall worry
C. decided, worried
D. decided, have been worrying

Tense

ব্যাখ্যা: আগের Question এর মত। Sentence টির অর্থ খেয়াল করলে দেখা যাবে - প্রথম অংশে 'আগে ঢাকায় Move করার সিদ্ধান্ত নেয়া হয়েছিল' তাই এটি Past indifinite হবে। দ্বিতীয় অংশে 'তারপর দুশ্চিন্তাগ্রস্থ হয়েছিলাম' এটি Present perfect continuous এ হবে।
Ans : D.

10. By this time next month, the government ___ resigned.
A. would have
B. Will have
C. will
D. have

Tense

ব্যাখ্যা: আগামী মাসের মধ্যে government resign করবে। এটা দ্বারা ভবিষ্যতে নির্দিষ্ট সময়ের মধ্যে resign করা বুঝাচ্ছে। আর ভবিষ্যতে কোন নির্দিষ্ট সময়ের মধ্যে কোন কাজ করা হবে, এরূপ বুঝাতে Future perfect tense হয়।
Ans : B.

11. They wouldn't let my sister in the theatre because she was ___ age.
A. below
B. small
C. under
D. young

Completing S.

ব্যাখ্যা: তারা আমার বোনকে থিয়েটারে যেতে দিল না কারণ তার বয়স কম ছিল। তুলনামূলক কম বয়সকে Under age বলে।
Ans : C.

12. I can't quite ___ out what is written on the board
A. make
B. read
C. get
D. fulfill

ব্যাখ্যা: Make out - কষ্ট করে কোনো কিছু দেখতে বা শুনতে পাওয়া। Sentence টির অর্থ হচ্ছে- 'বোর্ডে যা লিখা আছে তা আমি সম্পূর্ণরূপে দেখতে পাচ্ছি না।'
Ans : A.

Group Verb

13. Which figure of speech do you find in the expression 'I wondered lonely as a cloud'?
A. metaphor
B. personification
C. simile
D. imagery

ব্যাখ্যা: Simile - Simile say you are like something.
**Example :** She is as sweet as pie.
**Metaphor** - Metaphor says you are something.
**Example :** You are what you eat.
**Hyperbole** - Extreme exaggeration of something.
**Example** - He was so hungry, he ate that whole cornfield for lunch, stalks and all.
প্রদত্ত লাইনটিতে I এবং Cloud এর মধ্যে যেভাবে তুলনা করা হয়েছে তা Simile এর উদাহরণ।
Ans : C.

Figure of Speech

14. These grapes ___ sour.
A. tasting
B. are tasting
C. tastes
D. taste

ব্যাখ্যা: These grapes taste sour - আঙ্গুরগুলো স্বাদে টক।
এই ধরণের Sentence কে Quasi Passive Sentence বলে। অর্থগত দিক হতে এই ধরণের Sentence Passive এর মত কিন্তু গঠনগত দিক হতে এরা active sentence মত। বাক্যটির Passive হবে -
These grapes are sour when they are tasted. শূন্যস্থানে Taste বসেছে, কারণ These grapes হলো plural number.
Ans : D.

Sub-Verb Agreement

15. He learned to read and write quite ___ in his life
A. lately
B. late
C. latest
D. latter

ব্যাখ্যা: সে অনেক দেরিতে পড়তে ও লিখতে শিখেছে। শূন্যস্থানে একটি Adverb বসাতে হবে। কেননা এর পূর্বে verb দেয়া আছে। আর verb কে Modify করে Adverb। যেহেতু বলা আছে - 'দেরিতে' তাই এখানে Adverb of time দিতে হবে। সেক্ষেত্রে Lately এবং Late দুটোই Adverb of time. কিন্তু Lately অর্থ সম্প্রতি। তাই 'দেরিতে' বুঝাতে Late ব্যবহৃত হবে।
Ans : B.

Completing Sentence

16. A basket of apples ___ been sold.
A. has
B. have
C. having
D. haven't

ব্যাখ্যা: Sentence টিতে apples দেখে Subject Plural মনে হতে পারে। কিন্তু এখানে Subject apples নয়। Preposition এর পূর্বের অংশ Subject হিসেবে ধরা হয়। তাই Sentence এর Subject হলো A Basket অর্থাৎ Subject টি Singular তাই শূন্যস্থানে has বসবে।
Ans : A.

Sub-Verb agreement

17. I took ___ walking, hopping ___ lose some weight.
A. to, at
B. for, to
C. in, to
D. to, to

ব্যাখ্যা: প্রথম শূন্যস্থানে in এবং দ্বিতীয়টিতে to বসালে Sentence টি সামাঞ্জস্যপূর্ণ হয়। কেননা Talk in এর অর্থ চালিয়ে যাওয়া। আমি Walking চালিয়ে যাব এই আশায় (উদ্দেশ্যে) যাতে কিছু ওজন কমাতে পারি। উদ্দেশ্যে বুঝাতে Verb এর পূর্বে to বসে।
Ans : D.

Preposition

18. Too many cooks ___ the broth.
A. spoiling
B. spoil
C. made
D. brewed

ব্যাখ্যা:
Too many cooks spoil the broth - অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট।
Ans : B.

Proverb

19. choose the correct spelling.
A. asurance
B. assurance
C. assurence
D. asurrence

Spelling

ব্যাখ্যা: Assurance - noun - নিশ্চয়তা, প্রতিজ্ঞা
**Synonym :** Affirmation, Assertion, Vow, Pledge, Oath, Promise, Guarante
**Antonym :** Doubt, Shyness, Uncertainty
Ans : B.

20. What does the sentence, 'It is too cold to go swimming' mean
A. One should to the swim when it is too cold
B. The weather is not cold enough for swimming
C. One should not to swimming in cold weather
D. The weather is not suitable for swimming

ব্যাখ্যা: এখন এতই শীত যে সাঁতার কাটতে যাওয়া যায় না। কেননা Too....to সবসময় না বোধক অর্থ তৈরী করে। যেহেতু শীতের জন্য সাঁতার কাটা যায় না। তাই বলা যায় আবহাওয়া সাঁতার কাটার জন্য উপযুক্ত নয়।
Ans : D.

Correction

21. the closest meaning of the word 'progressive' in the sentence 'Prof. Chowhury is a progressive man' is
A. prosperous
B. has progressed
C. aggressive
D. open to changes

ব্যাখ্যা: Progressive - adj - অগ্রগতিশীল
**Synonym :** Advancing, Open to change, Liberal, Radical, Growing, Forward-Looking
**Antonym :** Conservative, Dyed in the wool.
Ans : D.

Synonym

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**22. Which word does not describe someone's mood?**

A. angry B. upset
C. clever D. happy

ব্যাখ্যা: Angry, Upset, happy - এই তিনটি অবস্থা ব্যক্তির Mood বা মানসিক অবস্থা দেখে বোঝা যায়। অর্থাৎ প্রত্যেকটির ভিন্ন ভিন্ন Mood আছে। কিন্তু কারও Mood দেখে কখনও Cleverness বোঝা যায় না।
**Ans : C.** Connection

**23. What is the best translation of the sentence সে তার ভাইয়ের মত লম্বা নয়।**

A. He is not as tall like his brother
B. He is not tall enough.
C. He is not taller than his brother
D. He is not as tall as his brother

Translation

ব্যাখ্যা: Positive Degree তে as ........ as হয়। He is not as tall as his Brother যার অর্থ - সে তার ভাইয়ের মত লম্বা নয়।
**Ans : D.**

**24. Choose the antonym for the word 'hostile'**

A. indifferent B. friendly
C. rude D. inimical

Synonym

ব্যাখ্যা: Hostile - adj - বৈরী, প্রতিকূল
**Synonym -** Adverse, Inimical, Antagonistic, Belligerent, Malevolent, Contrar, Opposed, Inhospitable.
**Antonym -** Friendly, Sympathetic, Welcoming
**Ans : B.**

**25. Had he ___ anything he would have told me.**

A. Known B. Knowing
C. Knew D. Knowledge

ব্যাখ্যা: Sentence এ টি 3rd conditional এর উদাহরণ, তাই fill in the gap এ past participle form হবে।
**Ans : A.** Conditional

## সাধারণ জ্ঞান

**০১. বাংলায় প্রথম বংশানুক্রমিক শাসন শুরু করে-**

ক. শশাঙ্ক খ. বখতিয়ার খলজি
গ. বিজয় সেন ঘ. গোপাল

ব্যাখ্যা: • পাল বংশের প্রতিষ্ঠাতা - গোপাল।
• বাংলাকে দীর্ঘ সময় শাসন করেছেন - পাল বংশ (প্রায় ৪০০ বছর ধরে)
• গোপাল বাংলায় প্রথম বংশানুক্রমিক শাসন শুরু করেন।
• দেব পালের পিতার নাম - ধর্মপাল।
• রাজা ধর্মপাল নওগাঁ জেলার সোমপুর বিহার বা পাহাড়পুর বৌদ্ধ বিহার প্রতিষ্ঠা করেন।
• পাল রাজারা বৌদ্ধ ধর্মাবলম্বী ছিলেন।
• পাল বংশের বিলুপ্তি ঘটে ১১৪৪ সালের পর।
**সঠিক উত্তর : ঘ.**

**০২. লেবাননভিত্তিক হেজবুল্লাহ গেরিলাদের প্রধান নেতা-**

ক. শেখ ইয়াসিন খ. মুকতাদা আল-সদর
গ. শেখ হাসান নসরুল্লাহ ঘ. মাহমুদ আহমাদিনেজাদ

ব্যাখ্যা: • হিজবুল্লাহ লেবানন ভিত্তিক গেরিলা বাহিনী।
• হিজবুল্লাহর প্রধান - শেখ হাসান নাসরুল্লাহ।
• হিজবুল্লাহ যাত্রা শুরু করে - ১৯৮২ সালে।
**সঠিক উত্তর : গ.**

**০৩. বাংলাদেশের সর্বশেষ কৃষি শুমারি প্রকাশিত হয় কোন সালে?**

ক. ১৯৯৬ খ. ১৯৯৭ গ. ২০০১ ঘ. ২০০৫

ব্যাখ্যা: • স্বাধীন বাংলাদেশে প্রথম কৃষি শুমারি অনুষ্ঠিত হয় - ১৯৭৭ সালে ৪র্থ এবং সর্বশেষ - ১১-২৫ মে, ২০০৮ সাল।
**সঠিক উত্তর : নেই.**

**০৪. অস্ট্রেলীয় ক্রিকেটদল কতবার চ্যাম্পিয়ন্স ট্রফি অর্জন করল?**

ক. একবার খ. দুইবার গ. তিনবার ঘ. চারবার

**সঠিক উত্তর : ঘ.**

**০৫. শিল্প বিপ্লব সংঘটিত হয়-**

ক. সতের সতকে খ. আঠার শতকে
গ. উনিশ শতকে ঘ. বিশ শতকে

ব্যাখ্যা: আর কয়েকটি বিপ্লব সম্পর্কে বিস্তারিত : ঢাবি (২০১০-২০১১) এর (২১) নং দেখ।
**সঠিক উত্তর : খ.**

**০৬. যে সালে বাংলাদেশের পোশাক শিল্পে কোটা ব্যবস্থার বিলুপ্তি ঘটে-**

ক. ১৯৯৮ খ. ২০০০
গ. ২০০২ ঘ. ২০০৪

ব্যাখ্যা: • বাংলাদেশ কর্তৃক রপ্তানীকৃত পোশাকের ওপর যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়ন প্রদত্ত শুল্ক রেয়াত পদ্ধতির নাম - কোটা।
• ২০০৪ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত এই পদ্ধতি চালু ছিল।
**সঠিক উত্তর : ঘ.**

**০৭. কোনটি বাণিজ্যিক ব্যাংকের কাজ নয়?**

ক. বৈদেশিক মুদ্রার লেনদেন খ. শেয়ারে বিনিয়োগ
গ. গ্রাহককে উপদেশ ঘ. বিহিত মুদ্রার প্রচলন

ব্যাখ্যা: • বাণিজিক ব্যাংকের প্রধান কাজ হচ্ছে - ঋণদান, বৈদেশিক মুদ্রার লেনদেন, শেয়ারে বিনিয়োগ, গ্রাহকদের উপদেশ দান ইত্যাদি।
• কেন্দ্রীয় ব্যাংকের কাজ হচ্ছে - বিহিত মুদ্রায় প্রচলন, ঋণ নিয়ন্ত্রণ ইত্যাদি।
**সঠিক উত্তর : ঘ.**

**০৮. জিনেদিন জিদান কতবার 'ওয়ার্ল্ড ফুটবলার অব দি ইয়ার' নির্বাচিত হয়েছেন?**

ক. একবার খ. দুইবার
গ. তিনবার ঘ. চারবার

**সঠিক উত্তর : গ.**

**০৯. ভেনিজুয়েলার প্রেসিডেন্ট-**

ক. হুগো চাভেজ খ. হুভো মোরেল
গ. নিকোলাস মাদুরো ঘ. ড্যানিয়েল অরটেগা

ব্যাখ্যা: ভেনিজুয়েলার বর্তমান প্রেসিডেন্ট - নিকোলাস মাদুরো
**সঠিক উত্তর : গ.**

**১০. ব্রুনাই দারুস-সালাম যে দ্বীপে অবস্থিত-**

ক. বোর্নিও দ্বীপ খ. মিন্দানাও দ্বীপ
গ. সেলিবিস দ্বীপ ঘ. সুমাত্রা দ্বীপ

ব্যাখ্যা: • ইন্দোনেশিয়ার বৃহত্তম দ্বীপ বোর্নিও দ্বীপটির একাংশে অবস্থিত রাজতান্ত্রিক মুসলিম রাষ্ট্র - ব্রুনাই।
• রাষ্ট্রীয় নাম - ব্রুনাই-দারুস-সালাম।
• রাজধানী - বন্দর (Bandar)
**সঠিক উত্তর : ক.**

**১১. ২০০৬ সালে সঙ্গীতে একুশে পদকপ্রাপ্ত ব্যক্তি-**

ক. বশির আহমেদ খ. ফেরদৌসী বেগম
গ. মাহমুদুন্নবী ঘ. আনোয়ার উদ্দিন খান

**সঠিক উত্তর : ঘ.**

**১২. 'হাদীস' শব্দের অর্থ-**

ক. কথা খ. আদেশ
গ. উপদেশ ঘ. বক্তৃতা

ব্যাখ্যা: • হাদীস শব্দটি আরবী শব্দ যার অর্থ হল - কথা বা বাণী
• মুসলিম ধর্মালম্বীদের সর্বশেষ নবী ও রাসূল হযরত মুহাম্মদ (সঃ) এর কথা, কাজ ও তাঁর সমর্থনকে হাদীস বলা হয়।
**সঠিক উত্তর : ক.**

**১৩. সম্প্রতি কোন মহিলা আমেরিকার কংগ্রেসের স্পিকার নির্বাচিত হয়েছেন?**

ক. ন্যান্সি পেলোসি খ. লরা বুশ
গ. হিলারি ক্লিনটন ঘ. ন্যান্সি রিগান

ব্যাখ্যা: আমেরিকার ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যের House of Representative এর সদস্য ন্যান্সি পেলোসি কংগ্রেসের স্পিকার নির্বাচিত হয়েছিলেন।
**সঠিক উত্তর : ক.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৪. খেলাধুলা সংক্রান্ত সুইজারল্যান্ডে অবস্থিত বিশ্বের সর্বোচ্চ আদালতের নাম-
ক. কোর্ট অব ডিসিপ্লিন খ. কোর্ট অব আরবিট্রেশন
গ. কোর্ট অব গেমস্ অ্যাফেয়ার্স ঘ. কোর্ট অব প্লে

ব্যাখ্যা: • খেলাধুলা সংক্রান্ত বিশ্বের সর্বোচ্চ আদালত - কোর্ট অব আর্বিটেশন ফর স্পোর্ট (CAS)
• সদর দপ্তর : লুজান, সুইজারল্যান্ড।
• প্রতিষ্ঠাতা : জুয়ান অ্যান্থনিও সামারাঞ্চ
• কার্যকর হয় ৩০ জুন ১৯৮৪
• কোর্ট অব আর্বিটেশন ফর স্পোর্ট এর অতিরিক্ত আদালত - নিউইয়র্ক (যুক্তরাষ্ট্র) এবং সিডনি (অস্ট্রেলিয়া) তে অবস্থিত।
সঠিক উত্তর : খ.

১৫. 'উত্তমাশা' হলো একটি-
ক. হ্রদ খ. অন্তরীপ গ. দ্বীপ ঘ. নাটক

ব্যাখ্যা: • অন্তরীপ (Cape) : ভূ-ভাগের কোন অংশ যদি সরু হয়ে সাগরের মধ্যে প্রসারিত থাকে তবে ভূ-ভাগের সেই অংশকে অন্তরীপ বলে।
• উত্তমাশা অন্তরীপ বা Cape of good hope হচ্ছে দক্ষিণ আটলান্টিক মহাসাগরীয় একটি অন্তরীপ।
• উত্তমাশা অন্তরীপটি দক্ষিণ আফ্রিকায় অবস্থিত
• অ্যাপোনা অন্তরীপটি - ফিলিপাইনে অবস্থিত।
সঠিক উত্তর : খ.

১৬. জাতিসংঘ জনসংখ্যা তহবিলের ২০০৬ সালের প্রতিবেদন অনুযায়ী বাংলাদেশের বর্তমান জনসংখ্যা কত?
ক. ১৪ কোটি ৪০ লক্ষ খ. ১৪ কোটি ৪৪ লক্ষ
গ. ১৪ কোটি ঘ. ১৪ কোটি ৩০ লক্ষ

ব্যাখ্যা: ৫ম আদমশুমারি ২০১১ অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা ১৪ কোটি, ২৩ লাখ, ১৯ হাজার
সঠিক উত্তর : খ.

১৭. 'মানুষ প্রকৃতিগতভাবেই রাজনীতির কবি' - কে বলেছেন?
ক. আলেকজান্ডার খ. সক্রেটিস
গ. প্লেটো ঘ. এরিস্টটল

ব্যাখ্যা:
মানুষ প্রকৃতিগতভাবেই রাজনৈতিক কবি- উক্তিটি দার্শনিক এরিস্টটলের।
সঠিক উত্তর : ঘ.

১৮. 'জীবনবৃত্তান্ত'-এর প্রচলিত নাম 'কারিকুলাম ভিটাই' কোন ভাষার শব্দ?
ক. জার্মান খ. লাতিন গ. ফরাসি ঘ. ইংরেজি

ব্যাখ্যা: জীবনবৃত্তান্ত এর প্রচলিত নাম কারিকুলাম ভিটাই (Curriculam Vita বা CV) একটি ল্যাটিন বা লাতিন শব্দ।
সঠিক উত্তর : খ.

১৯. বাংলাদেশ সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে জাতীয় সংসদে সংরক্ষিত মহিলা আসন সংখ্যা ৪৫-এ উন্নীত করা হয়?
ক. একাদশ খ. দ্বাদশ গ. ত্রয়োদশ ঘ. চতুর্দশ

ব্যাখ্যা: সংবিধানের গুরুত্বপূর্ণ সংশোধনী সম্পর্কে বিস্তারিত : ঢাবি (২০১০-২০১১) এর (৪৩) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

২০. 'দ্বন্দ্বাত্মক বস্তুবাদ' তত্ত্বের প্রবক্তা-
ক. লেনিন খ. ফিদেল কাস্ত্রো
গ. কার্ল মার্কস ঘ. মাও সেতুং

সঠিক উত্তর : গ.

২১. কোন ব্যক্তি একাধারে গণিতবিদ, দার্শনিক ও সাহিত্যিক?
ক. গ্যেটে খ. মোপাসাঁ
গ. রাসেল ঘ. রবীন্দ্রনাথ

ব্যাখ্যা: বার্ট্রান্ড আর্থর উইলিয়াম রাসেল সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য-
• জন্ম : ১৮ মে ১৮৭২ যুক্তরাজ্য, মৃত্যু : ২ ফেব্রুয়ারি ১৯৭০।
• তিনি একাধারে - গণিতবিদ, দার্শনিক ও সাহিত্যিক।
• তিনি ১৯৫০ সালে নোবেল পুরষ্কার পান।
• বিখ্যাত বই - ম্যারেজ এ্যান্ড মোরাল।
সঠিক উত্তর : গ.

২২. বিটিআরসি-র পুরো নাম-
ক. বাংলাদেশ টোব্যাকো রেগুলেটরি কমিটি
খ. বাংলাদেশ টেলিকম রেগুলেটরি কমিশন
গ. ব্রিটিশ টেলিফোন রিসিভিং কাউন্সিল
ঘ. বাংলাদেশ টেলিফোন রেগুলেটরি কমিটি

ব্যাখ্যা: • BTRC- Bangladesh Telecommunication Regulatory Commission.
• প্রতিষ্ঠিত হয় - ১৬ এপ্রিল ২০০১
• কার্যক্রম শুরু - ৩১ জানুয়ারি ২০০২
• BTRC আইন সংসদে পাশ হয় - ২০০১ সালে
সঠিক উত্তর : খ.

২৩. ভোক্তার জন্য সর্বোত্তম বাজার-
ক. একচেটিয়া বাজার খ. কায়েকটি ফার্মের বাজার
গ. প্রতিযোগিতামূলক বাজার ঘ. দুটি ফার্মের বাজার

ব্যাখ্যা: পূর্ণপ্রতিযোগিতা মূলক বাজারে একাধিক ক্রেতা ও বিক্রেতা থাকায় পরস্পর দরকষাকষির মাধ্যমে পণ্যের মূল্য নির্ধারিত হওয়ায় এটি ভোক্তার জন্য সর্বোত্তম বাজার।
সঠিক উত্তর : গ.

২৪. মিশর যে দেশের উপনিবেশ ছিল-
ক. জার্মানি খ. নেদারল্যান্ড গ. পর্তুগাল ঘ. ব্রিটেন

ব্যাখ্যা: কয়েকটি গুরুত্বপূর্ণ উপনিবেশ ও নিয়ন্ত্রণাধীন (পূর্বে ছিল) অঞ্চল-

| নিয়ন্ত্রনাধীন/অধীনস্ত দেশ | উপনিবেশিক দেশ |
|---|---|
| বাংলাদেশ, ভারত, পাকিস্তান, আফগানিস্তান, মিশর, ইরাক, জর্ডান, ইসরাইল, কুয়েত, মায়ানমার, মালয়েশিয়া, সিঙ্গাপুর, মালদ্বীপ, কাতার, শ্রীলঙ্কা, সংযুক্ত আরব আমিরাত, ইয়েমেন, সাইপ্রাস, আয়ারল্যান্ড, কেনিয়া, নাইজেরিয়া, সিয়েরা লিওন, দ. আফ্রিকা, সুদান, সোয়াজিল্যান্ড, তিউনিসিয়া, জিম্বাবুয়ে ইত্যাদি। | যুক্তরাজ্য |
| লেবানন, সিরিয়া, ভিয়েতনাম, আলজেরিয়া, সেনেগাল ইত্যাদি। | ফ্রান্স |
| কোস্টারিকা, কিউবা, আর্জেন্টিনা, বলিভিয়া, চিলি, কলম্বিয়া ইত্যাদি। | স্পেন |
| ভ্যাটিকান সিটি, লিবিয়া, সোমালিয়া ইত্যাদি। | ইতালি |
| ব্রাজিল, গিনি বিসাউ ইত্যাদি। | পর্তুগাল |

সঠিক উত্তর : ঘ.

২৫. সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের সিনেট ও কংগ্রেসে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে-
ক. ডেমোক্রেটস্ খ. লিবারেল ডেমোক্রেটস্
গ. রিপাবলিকানস্ ঘ. লেবার পার্টি

সঠিক উত্তর : গ.

২৬. ইউরোপীয় ইউনিয়নের যে দেশ এখনো 'ইউরো' গ্রহণ করে নি-
ক. ফ্রান্স খ. জার্মানি গ. ইতালি ঘ. ইংল্যান্ড

ব্যাখ্যা: • ইউরোপীয় ইউনিয়ন প্রতিষ্ঠিত হয় - ১ জানুয়ারি ১৯৫৮ (২৫ মার্চ, ১৯৫৭ স্বাক্ষরিত রোম চুক্তির মাধ্যমে)
• সদর দপ্তর ব্রাসেলস, বেলজিয়াম।
• সদস্য সংখ্যা - ২৭ টি (সর্বশেষ - ক্রোয়েশিয়া ১ জুলাই ২০১৩)
• ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহের মুদ্রার নাম - ইউরো (জনক-রবার্ট মুন্ডেল)
• ইউরোপীয় ইউনিয়নভুক্ত - ১৯টি দেশে ইউরো চালু আছে।
• ২৩ জুন ২০১৬ তে গণ ভোটের মাধ্যমে যুক্তরাজ্য ইইউ থেকে নিজেদের প্রত্যাহার করে নেয়।
• ইউরো মুদ্রা বাধ্যতামূলক সত্ত্বেও গ্রহণ করেনি - যুক্তরাজ্য ডেনমার্ক ও সুইডেন সহ অন্যান্য দেশগুলো।
সঠিক উত্তর : ঘ.

২৭. 'অপারেশন ক্লিন হার্ট' কোন সালের ঘটনা?
ক. ২০০০ খ. ২০০১ গ. ২০০২ ঘ. ২০০৩

ব্যাখ্যা: • অপারেশন ক্লিনহার্ট হচ্ছে - ২০০২ সালে বাংলাদেশে পরিচালিত সন্ত্রাসী ও অপরাধীদের গ্রেপ্তার এবং অবৈধ অস্ত্র উদ্ধার অভিযান।
বিভিন্ন অপারেশন সম্পর্কে বিস্তারিত : ঢাবি (২০০৮-২০০৯) এর (১২) নং দেখ।
সঠিক উত্তর : গ.

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৮. 'জুলু' উপজাতি বাস করে-
ক. লাতিন আমেরিকায় খ. দক্ষিণ আফ্রিকায়
গ. ভারতে ঘ. ফ্রান্সে

ব্যাখ্যা: বিশ্বের কয়েকটি গুরুত্বপূর্ণ উপজাতি ও তাদের বসতকারী দেশসমূহ-

| উপজাতি/আদিবাসী | বসতকৃত দেশ/অঞ্চল |
|---|---|
| মাওরি | নিউজিল্যান্ড |
| জুলু | দক্ষিণ আফ্রিকা |
| রেড ইন্ডিয়ান | যুক্তরাষ্ট্র |
| বুশম্যান | দক্ষিণ আফ্রিকা, জিম্বাবুয়ে, মোজাম্বিক দেশ |
| বেদুইন | আরবের যাযাবর জাতি |
| কুর্দি | তুরস্ক, সিরিয়া, ইরান ও ইরাক |
| হুন | মধ্য এশিয়া |
| রোহিঙ্গা | মায়ানমার (আরাকান) |
| পিগমি | বুরুন্ডি, উগান্ডা, জাম্বিয়া, নামিবিয়া |
| পশতুন, তাজিক, উজবেক | আফগানিস্তান |
| এস্কিমো | গ্রিনল্যান্ড, আলাস্কা সাইবেরিয়া |
| পশতুন, বালুচ, আফ্রিদি | পাকিস্তান |

সঠিক উত্তর : খ.

২৯. রাষ্ট্রের প্রতি নাগরিকদের প্রধান কর্তব্য-
ক. আইন মান্য করা খ. ভোট দেওয়া
গ. আনুগত্য প্রকাশ করা ঘ. কর প্রদান করা

ব্যাখ্যা: • রাষ্ট্রের প্রতি প্রতিটি সুনাগরিকের প্রধান কর্তব্য হল - রাষ্ট্রে প্রতি আনুগত্য প্রকাশ করা।
সঠিক উত্তর : গ.

৩০. সম্প্রতি কোন দিনটিকে 'মুক্তিযোদ্ধা দিবস' ঘোষণা করা হয়েছে?
ক. ৭ মার্চ খ. ২৬ মার্চ
গ. ২৪ নভেম্বর ঘ. ১ ডিসেম্বর

ব্যাখ্যা: • ১ ডিসেম্বরকে "মুক্তিযোদ্ধা দিবস" ঘোষণা করা হয়েছে।
বাংলাদেশের জাতীয় দিবস সম্পর্কে বিস্তারিত : ঢাবি (২০০৮-২০০৯) এর (৩৪) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

৩১. ফারাক্কা বাঁধ বাংলাদেশের সীমান্ত থেকে কত দূরে?
ক. ১৬.৫ কি.মি খ. ২০.৫ কি.মি
গ. ১৮ কি.মি ঘ. ১৯.৩ কি.মি

ব্যাখ্যা: • ভারত ফারাক্কা বাঁধ পরীক্ষামূলকভাবে চালু করে - ১৯৭৫ সালে।
• ফারাক্কা বাঁধ গঙ্গা নদীর উপর অবস্থিত - মনোহরপুর, মুর্শিদাবাদ ভারত
• বাংলাদেশ ভারত যৌথ নদী কমিশন (JRC) গঠিত হয় - ১৯৭২ সালে।
• মাওলানা ভাসানী রাজশাহী থেকে মরণ ফাঁদ ফারাক্কা বাঁধ অভিমুখে যাত্রা শুরু করেন - ১৬ মে ১৯৭৬ (ফারাক্কা লং মার্চ দিবস - ১৬ মে)
• ৩০ বছর মেয়াদি গঙ্গার পানিবন্টন চুক্তি স্বাক্ষরিত হয় - ১২ ডিসেম্বর ১৯৯৬, কার্যকর হয় - ৪ নভেম্বর, ১৯৯৭ সাল থেকে।
• বাংলাদেশের চাপাইনবাবগঞ্জ হতে বাঁধের দূরত্ব ১৬.৫ কি.মি. বা ১১ মাইল।
সঠিক উত্তর : ক.

৩২. কোন গ্রন্থটির লেখক হাসান আজিজুল হক?
ক. আগুনপাখি খ. বরফগলা নদী
গ. কাঁদো নদী কাঁদো ঘ. খোয়াবনামা

ব্যাখ্যা: • আগুন পাখি, সাবিত্রী উপাখ্যান - হাসান আজিজুল হকের লেখা উপন্যাস।
সঠিক উত্তর : ক.

৩৩. নোবেল পুরস্কার বিজয়ী এশীয়দের মধ্যে অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুসের স্থান কততম?
ক. ২০ তম খ. ২৫ তম
গ. ২৮ তম ঘ. ৩০ তম

ব্যাখ্যা: • ড. মুহাম্মদ ইউনুস ২০০৬ সালে প্রথম বাংলাদেশি হিসেবে শান্তিতে নোবেল পুরস্কার পান।
• উপমহাদেশের নোবেল বিজয়ী হিসেবে তিনি - সপ্তম (প্রথম-রবীন্দ্রনাথ ঠাকুর)
• মুসলিম হিসেবে তিনি - ৮ম নোবেল বিজয়ী (প্রথম-আনোয়ার সাদাত, মিশর)
সঠিক উত্তর : নাই.

৩৪. বাংলাদেশ থেকে জাতিসংঘের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন-
ক. খাজা কায়সার খ. হুমায়ুন রশীদ চৌধুরী
গ. বিচারপতি বিএ সিদ্দিকী ঘ. কর্নেল মুস্তাফিজুর রহমান

ব্যাখ্যা: • জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতি হিসেবে দায়িত্ব পালনকারী একমাত্র বাংলাদেশি - হুমায়ুন রশিদ চৌধুরী
• ১৯৮৬ সালে তিনি জাতিসংঘের ৪১ তম অধিবেশনে সভাপতির দায়িত্ব পালন করেন।
সঠিক উত্তর : খ.

৩৫. বিশ্ব বাণিজ্য সংস্থার কার্যক্রম শুরু হয়-
ক. ১ জানুয়ারী ১৯৯৩ খ. ১ জানুয়ারী ১৯৯৪
গ. ১ জানুয়ারী ১৯৯৫ ঘ. ১ জানুয়ারী ১৯৯৬

ব্যাখ্যা: • WTO - World Trade Organization (বিশ্ব বাণিজ্য সংস্থা)
• প্রতিষ্ঠা - ১ জানুয়ারি ১৯৯৫
• WTO এর পূর্ব নাম - GATT (প্রতিষ্ঠা - ১ জানুয়ারি ১৯৪৮)
• বাংলাদেশ সদস্যপদ লাভ করে - ১ জানুয়ারি ১৯৯৫
• সদর দপ্তর - জেনেভা, সুইজারল্যান্ড
• সদস্য সংখ্যা - ১৬০ (সর্বশেষ - ইয়েমেন, ২৬ জুন ২০১৪)
• বর্তমান মহাপরিচালক - রবার্তো কার্ভালহো দ্য আজেভিদো, ব্রাজিল।
• পরবর্তী (১০ম) সম্মেলন - ১৫-১৮ ডিসেম্বর ২০১৫, নাইরোবি, কেনিয়া
সঠিক উত্তর : গ.

৩৬. *In the Line of Fire* গ্রন্থটির রচয়িতা-
ক. ড. মনমোহন সিং খ. ড. আবদুল কালাম
গ. জে. পারভেজ মোশাররফ ঘ. এয়ার মার্শাল (অবঃ) আসগর খান

ব্যাখ্যা: সাম্প্রতিক কিছু আলোচিত গ্রন্থ ও লেখক -
বিস্তারিত : ঢাবি ( ২০০৮-২০০৯) এর (০৬) নং দেখ।
সঠিক উত্তর : গ.

৩৭. ২০০৬ সনে বুকার পুরস্কার বিজয়ী হয়েছেন-
ক. কিরণ দেশাই খ. সালমান রুশদি
গ. অরুন্ধতী রায় ঘ. তারিক আলী

ব্যাখ্যা:
• ব্রিটেনের সর্বোচ্চ সাহিত্য পুরস্কার হচ্ছে দ্য ম্যান বুকার প্রাইজ ফর ফিকশন
• ১৯৬৯ সালে ব্রিটেনের বুকার ম্যাক কোলেন কোম্পানী এটি প্রবর্তন করেন।
সঠিক উত্তর : ক.

৩৮. *UNDP* সাম্প্রতিক রিপোর্টে কোন ক্ষেত্রে সাফল্য অর্জনের জন্য বাংলাদেশকে প্রশংসা করেছে?
ক. নিরাপদ পানি ও শৌচ ব্যবস্থা খ. নারী-পুরুষ সমতা
গ. জনসংখ্যা নিয়ন্ত্রণ ঘ. প্রাথমিক শিক্ষা

ব্যাখ্যা: • জাতিসংঘ উন্নয়ন সংস্থা UNDP (United Nations Development Program) ২০০৬ সালে মানব উন্নয়ন সূচক রিপোর্টে বাংলাদেশকে এশিয়ার "গোল্ডেন বয়" নামে উল্লেখ করে।
• ২০১৫ সালের মানব উন্নয়ন রিপোর্টে বাংলাদেশের অবস্থান - ১৪২ তম
সঠিক উত্তর : ক.

৩৯. কর্ণফুলী নদীর উৎপত্তিস্থল-
ক. তিব্বতের মানস সরোবর হ্রদ খ. লামার মইভার পর্বত
গ. আসামের লুসাই পাহাড়ের লংলেহ ঘ. সিকিমের পার্বত্য অঞ্চল

ব্যাখ্যা: বাংলাদেশের কয়েকটি গুরুত্বপূর্ণ নদীর উৎপত্তি স্থল-

| নদ-নদী | উৎপত্তিস্থল |
|---|---|
| পদ্মা (গঙ্গা) | হিমালয় পর্বতের গঙ্গোত্রী হিমবাহ |
| ব্রহ্মপুত্র, যমুনা | তিব্বতের কৈলাস শৃঙ্গের মানস সরোবর হ্রদ। |
| মেঘনা | আসামের নাগা মনিপুর পাহাড়ের দক্ষিণে লুসাই পাহাড়। |
| কর্ণফুলী | ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড়। |
| সাঙ্গু | মিয়ানমার বাংলাদেশ সীমানার আরাকান পর্বত। |
| করতোয়া | সিকিমের পার্বত্য অঞ্চল। |
| হালদা | খাগড়াছড়ির বাদনাতলী পর্বতশৃঙ্গ। |
| ফেনী | খাগড়াছড়ির পার্বত্য এলাকা। |
| তিস্তা | সিকিমের পার্বত্য অঞ্চল। |
| সুরমা | নাগামণিপুর পাহাড়ের দক্ষিণাংশে। |

সঠিক উত্তর : গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৪০. জাতিসংঘের অষ্টম মহাসচিব-
ক. কফি আনান খ. বুট্রোস ঘালি
গ. সতীশ ধাওয়ান ঘ. বান কি মুন

ব্যাখ্যা: • জাতিসংঘের প্রথম মহাসচিব - ট্রিগভেলি, নরওয়ে
• জাতিসংঘের বর্তমান (৮ম) মহাসচিব - বান কি মুন (দক্ষিণ কোরিয়া)
• জাতিসংঘ মহাসচিবের মেয়াদ - ৫ বছর
• জাতিসংঘের ২য় মহাসচিব দ্যাগ হ্যামারশোল্ড (সুইডেন) বিমান দুর্ঘটনায় নিহত হন।
সঠিক উত্তর : ঘ.

৪১. দ্বিতীয় আন্তর্জাতিক ক্ষুদ্র ঋণ সম্মেলন অনুষ্ঠিত হয় কানাডার কোন শহরে?
ক. হ্যালিফ্যাক্স খ. মন্ট্রিল গ. টরোন্টো ঘ. অটোয়া

সঠিক উত্তর : ক.

৪২. মাইকেল অ্যাঞ্জেলো কোন দেশের শিল্পী?
ক. ফ্রান্স খ. ইতালি গ. অস্ট্রিয়া ঘ. গ্রিস

ব্যাখ্যা: • মাইকেল অ্যাঞ্জেলো ইতালির বিখ্যাত চিত্রকর, ভাস্কর ওকবি
• বিখ্যাত চিত্রকর্ম - দ্য হোলি ফ্যামিলি, দ্য ম্যাডোনা এন্ড চাইল্ড ইত্যাদি।
• বিখ্যাত ভাস্কর্য ও স্থাপত্য - মোজেস, পিয়েতো, ডেভিড ইত্যাদি।
সঠিক উত্তর : খ.

৪৩. আদমজি পাটকল বন্ধ হয়-
ক. ৩০ জুন ২০০২ খ. ২৮ আগষ্ট ২০০৩
গ. ২৬ মার্চ ২০০২ ঘ. ৩০ জুলাই ২০০২

ব্যাখ্যা: • ১৯৫১ সালে এক হাজার তাঁত নিয়ে নারায়ণগঞ্জের আদমজী শহরে দেশের প্রথম পাটকল স্থাপিত হয়।
• একসময় বিশ্বের বৃহত্তম পাটকল ছিল - আদমজী জুট মিলস, নারায়ণগঞ্জ।
• সরকার আদমজী পাটকল বন্ধ ঘোষনা করে - ৩০ জুন ২০০২।
সঠিক উত্তর : ক.

৪৪. কাজী নজরুল ইসলাম সম্পদিক পত্রিকা-
ক. সওগাত খ. কল্লোল গ. মোহাম্মদী ঘ. লাঙ্গল

ব্যাখ্যা: বাংলাদেশের কয়েকটি গুরুত্বপূর্ণ পত্রিকা ও তার সম্পাদক সম্পর্কে বিস্তারিত :- ঢাবি (২০১৩-২০১৪) এর (১১) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

৪৫. চীনের মুদ্রার নাম-
ক. ফ্রাঁ খ. ইউয়ান গ. তুয়ান ঘ. ইয়েন

ব্যাখ্যা: বিশ্বের কয়েকটি গুরুত্বপূর্ণ দেশের মুদ্রার নাম বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর (৪০) নং দেখ।
সঠিক উত্তর : খ.

৪৬. কোন সালে বাংলা ভাষাকে পাকিস্তানের একটি রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়?
ক. ১৯৫২ খ. ১৯৫৩ গ. ১৯৫৬ ঘ. ১৯৬১

ব্যাখ্যা: • ১৯৫৬ সালে পাকিস্তান এর সংবিধানের ২১৪ নং অনুচ্ছেদে বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয়।
• ১৯৫৬ সালের ৮ সেপ্টেম্বর এই সংবিধানের মাধ্যমে পূর্ব বাংলার নাম পূর্ব পাকিস্তান করা হয়।
• পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র কার্যকর হয় - ২৩ মার্চ ১৯৫৬
সঠিক উত্তর : গ.

৪৭. ঢাকা প্রাচীন বাংলার কোন জনপদের অন্তর্গত?
ক. বঙ্গ খ. রাঢ় গ. বরেন্দ্র ঘ. হরিকেল

ব্যাখ্যা: বাংলার প্রাচীন জনপদ ও পদের অঞ্চল সম্পর্কে বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর (৩৬) নং দেখ।
সঠিক উত্তর : ক.

৪৮. ভারতীয় উপমহাদেশে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান হয় কোন সালে?
ক. ১৮৫৭ খ. ১৮৫৮ গ. ১৮৫৯ ঘ. ১৮৬০

ব্যাখ্যা: • ২১৭ জন অংশীদার নিয়ে ১৬০০ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানী ভারতবর্ষে আসেন।
• ১৭৬৫ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানি - বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি লাভ করে।
• ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধে জয় লাভের পর ইস্ট ইন্ডিয়া কোম্পানী সমগ্র ভারতবর্ষের শাসনভার গ্রহন করে।
• ১৯৪৭ সালে দেশভাগের মধ্য দিয়ে ১৯০ বছরের ব্রিটিশ শাসনের অবসান হয়।
• এবং ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহের পর ১৮৫৮ সালে ব্রিটেনের রানী ভারতবর্ষের শাসনভার ইস্ট ইন্ডিয়া কোম্পানীর নিকট থেকে গ্রহণ করেন।
সঠিক উত্তর : খ.

৪৯. স্বাধীন দুর্নীতি দমন কমিশন কখন গঠিত হয়?
ক. ২১ নভেম্বর ২০০৪ খ. ২০ মার্চ ২০০৪
গ. ৩০ এপ্রিল ২০০৪ ঘ. ১৫ আগস্ট ২০০৪

ব্যাখ্যা: • স্বাধীন দুর্নীতি দমন কমিশন গঠিত হয় - ২১ নভেম্বর ২০০৪
• প্রধান কার্যালয় - সেগুনবাগিচা, ঢাকা।
• প্রথম চেয়ারম্যান - বিচারপতি সুলতান হোসেন খান।
সঠিক উত্তর : ক.

৫০. 'আলোকিত মানুষ' তৈরির কর্মসূচি কোন সংগঠনের?
ক. ব্র্যাক খ. এশিয়াটিক সোসাইটি
গ. বিশ্ব সাহিত্য কেন্দ্র ঘ. গ্রামীণ ব্যাংক

ব্যাখ্যা: • বিশ্ব সাহিত্য কেন্দ্রের সূচনা হয় - ১৯৭৮ সালে
• আনুষ্ঠানিক উদ্বোধন - ১৯৮০ সালে
• প্রধান কার্যালয় - বাংলামোটর, ঢাকা
• প্রতিষ্ঠাতা - আবদুল্লাহ আবু সায়ীদ
• মূল স্লোগান - আলোকিত মানুষ চাই
সঠিক উত্তর : গ.

## ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
### শিক্ষাবর্ষ ঃ ২০০৫-২০০৬

### বাংলা

০১. লোপ বোঝাতে বিলুপ্ত বর্ণের জন্য দেওয়া হয়
ক. ইলেক চিহ্ন খ. উদ্ধরণ চিহ্ন
গ. ড্যাশ-চিহ্ন ঘ. সেমিকোলন

ব্যাখ্যা: বর্ণের লোপ বোঝাতে ইলেক বা লোপ চিহ্ন ব্যবহৃত হয়।
বিস্তারিত : ঢাবি (২০১২-২০১৩) এর (১৬) নং দেখ।
সঠিক উত্তর : ক.

০২. 'তিনটি বছর মাত্র তিনটি বছর কত উর্ণাজাল বুনে কেটেছে,... কোন কবির রচনা?
ক. সুফিয়া কামাল খ. অমিয় চক্রবর্তী
গ. আহসান হাবীব ঘ. শামসুর রাহমান

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ঘ.

০৩. *Agenda* শব্দের সঠিক পরিভাষা-
ক. আলাচ্য-সূচি খ. ক্রোড়পত্র
গ. উপদেষ্টা ঘ. সূচিপত্র

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু পরিভাষা -

| | |
|---|---|
| Incidental - আনুষঙ্গিক | Injunction - নিষেধাজ্ঞা |
| Interrogation - জিজ্ঞাসাবাদ | Jeweller - মণিকার |
| Joint poperty - এজমালি সম্পত্তি | Kinsman - জ্ঞাতি |
| Latitube - অক্ষাংশ | Lagoon - উপহ্রদ |
| Letter of credit - আকলপত্র | Agenda - আলোচ্য সূচি |

সঠিক উত্তর : ক.

০৪. 'সহমরণ' প্রসঙ্গ কোন রচনার অন্তর্গত?
ক. বিলাসী খ. হৈমন্তী
গ. অর্ধাঙ্গী ঘ. সৌদামিনী মালো

ব্যাখ্যা: 'বিলাসী' গল্পে ন্যাড়ার আত্মীয়ার স্বামী মারা গেলে সহমরণের প্রসঙ্গটি আসে।
সঠিক উত্তর : ক.

০৫. 'ভানুমতীর খেল' প্রবচনটি বোঝায়..
ক. চালবাজি খ. ভেলকিবাজি
গ. ফটকবাজি ঘ. ফেরেববাজি

ব্যাখ্যা: ভানুমতির খেল - ভেলকিবাজি; ঢিমে তেতালা - মৃদুগতি; ঢেঁকির কচকচি - কলহ; লক্কা পায়রা - ফুলবাবু
সঠিক উত্তর : খ.

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার